উপজেলা পরিষদ কার্যালয়
সদর, কক্সবাজার
www. sadar.coxsbazar.gov.bd

## উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | হামিদা তাহের<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৭/১২/২০২১খ্রিঃ, সময়ঃ সকাল- ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেল পরিষদ সম্মেলন কক্ষ, সদর, কক্সবাজার। |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে নিজ পরিচয় উপস্থাপন করেন। সভাপতি বলেন, জনগনের সেবা এবং উপজেলার উন্নয়নের জন্য তিনি সর্বাত্মক চেষ্টা করে যাবেন। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এজেন্ডা অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করেন। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতপরঃ সভাপতি মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উন্নয়ন চিত্র/ সমস্যা উত্থাপন করতে সংশ্লিষ্ট সদস্যদেরকে **অনুরোধ জানান।**

চৌফলদন্ডী ইউনিয়নের চেয়ারম্যান বলেন, মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক একটি তথ্য ভান্ডার তৈরি এবং সে তথ্য ভান্ডার বিশ্লেষণ করে মৎস্য ও প্রাণী সম্পদের উন্নতিকল্পে একটি দীঁঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন এবং উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন।

খুরুশকুল ইউনিয়নের চেয়ারম্যান বলেন, মৎস্য সংক্রান্ত সকল কার্যক্রম পর্যালোচনা করে নারী উন্নয়নের জন্য একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে সুপারিশ করা।

পোকখালী ইউনিয়নের চেয়ারম্যান বলেন, মঃস্য সংক্রান্ত ভেজাল প্রতিরোধ কমিটি ও উপজেলা আইন শৃংখলা কমিটি কার্যক্রমে সহায়তা করা।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নমত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক একটি তথ্য ভান্ডার তৈরি এবং সে তথ্য ভান্ডার বিশ্লেষণ করে মৎস্য ও প্রাণী সম্পদের উন্নতিকল্পে একটি দীঁঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন এবং উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করার সিদান্ত গৃহীত হয়।

Hamida
(হামিদা তাহের) 07.12.21
মহিলা ভাইস চেয়ারম্যান
সদর,কক্সবাজার।

স্মারক নম্বর- ০৪৬.২০.২২০০.২২২৪.০৬.০২.২০২১-

তারিখঃ০৭/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যাথে-

০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০২। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর কক্সবাজার।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার।
০৬। অফিস কপি।

(স্বাঃ)
উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা
সদর, কক্সবাজার।

# উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সভার হাজিরা

সদর, কক্সবাজার।

তারিখ: ০৭/১২/২০২১

| ক্রমিক | নাম | ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | তারাপদ চৌহান | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, সদর, কক্সবাজার | সদস্য সচিব | |
| ২ | রমিজ উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, কক্সবাজার | সদস্য | |
| ৩ | টিপু সুলটান | চেয়ারম্যান, ঝিলংজা ইউনিয়ন সদর, কক্সবাজার | সদস্য | |
| ৪ | মজিবুর রহমান | চেয়ারম্যান, চৌফলদন্ডী ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার | সদস্য | |
| ৫ | হামিদা তাহের | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজোলা পরিষদ, সদর, কক্সবাজার | সভাপতি | |